গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৭৩

তারিখ: ৭ আশ্বিন ১৪২৭
২২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ উত্তরপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি পশ্চিমদিকে সরে গিয়ে বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংগলগ্ন উড়িষ্যা- পশ্চিমবঙ্গ- বাংলাদেশ উপকূলীয় এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে মৌসুমী বায়ু সক্রিয় রয়েছে এবং গভীর সঞ্চারণশীল মেঘমালার সৃষ্টি হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকুলের কাছাকাঠি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদের গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

নদী বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ রংপুর, দিনাজপুর, রাজশাহী, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, সিলেট, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর সতর্ক সংকেত (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

এছাড়া দেশের অন্যান্য অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থা: উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূল এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গে অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, মধ্য প্রদেশ, লঘুচাপের কেন্দ্রস্থল ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে উত্তর-পূর্ব দিকে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর

বঙ্গোপসাগরে মাঝারী থেকে প্রবল অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাস: রংপুর, ময়মনসিংহ, সিলেট, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী ও ঢাকা বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা/ ঝড়োহাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) : বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৫	৩২.৯	৩২.৭	৩২.৮	৩৪.০	৩৩.৮	৩২.০	৩১.৯
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.২	২৬.৩	২৪.৮	২৫.৫	২৫.৮	২৪.৪	২৬.০	২৫.৯

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল নিকলি ৩৪.৪° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৪.৪° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র -যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টায় স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা- পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা-কুশিয়ারা ব্যতীত উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ২৪ ঘন্টায় এই অববাহিকার সকল প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন ভারতীয় অঞ্চলসমূহে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। আগামী ২৪ ঘণ্টায় এই অঞ্চলের আপার মেঘনা অববাহিকার সকল প্রধান নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
বৃদ্ধি	৫৮	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	০১
হ্রাস	৪০	**বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা**	০১
অপরিবর্তিত	০৩	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২০ খৃঃ সকাল ৯.০০

টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
০১	নাটোর	সিংড়া	গুড়	১৩.০৯	+১২	১২.৬৫	+৪৪

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

বারিপাত তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
নোয়াখালী	৭৫.০	মহেশখোলা	৭৪.০	বগুড়া	৬৫.০
লালাখাল	৬৩.০	কুমিল্লা	৬০.০	কক্সবাজার	৬০.০
বরগুনা	৫৯.০	পটুয়াখালী	৫৯.০	বরিশাল	৪৯.০

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ২০ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	৩	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	৩	৩	৩
৮।	খুলনা	৫	০	০
	মোট	১৮	৩	৩

নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে গত ০৪/০৯/২০২০ খ্রিঃ তারিখে সংগঠিত অগ্নি বিস্ফোরণঃ

নারায়ণগঞ্জের জেলা প্রশাসক এর কার্যালয় এর পত্র নং ৫১.০১.৬৭০০.২০৬.৯৭.০০১.১৯.৮১১, তারিখঃ ২০/০৯/২০২০খ্রিঃ (ই-মেইলে প্রাপ্তির সময় ১০:৩৭ টায়) এর মাধ্যমে জানানো হয়েছে যে, নারায়নগঞ্জ জেলার সদর উপজেলায় নারায়নগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে ০৪/০৯/২০২০ খ্রিঃ তারিখ রাত ০৮.৩০ টার সময় মসজিদে অগ্নিকান্ড সংগঠিত হয়ে প্রায় ৩৭ জন মুসুল্লি ও ১ জন পথচারী অগ্নিদগ্ধ হয়। অগ্নিদগ্ধ ব্যক্তিদেরকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাষ্টিক সার্জারী ইনষ্টিটিউটে ভর্তি করা হয়। সর্বশেষ খবর মোতাবেক আহতদের মধ্যে ৩৩ জন মৃত্যুবরণ করেন, পথচারীসহ ২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন,